# ন্যাশনাল হেল্থ সার্ভিসের {National Health ServiceNHS)} অন্যান্য প্রাথমিক সেবা ব্যবস্থাগুলি (Primary Care Service)

## ন্যাশনাল হেল্থ সার্ভিসের {National Health ServiceNHS)} প্রাথমিক সেবার পেশাদারী ব্যক্তিগণ

আপনার ডাক্তার আপনার কোন বিশেষ রোগের, বিশিষ্ট লক্ষনগুলির চিকিৎসার জন্য অন্যান্য পেশাদারী ব্যক্তিদের কাছে পাঠাতে পারেন। তারা আপনাকে দেখবার জন্য বাড়ীতে আসতে পারেন বা আপনার ডাক্তারের সার্জারিতে অথবা অন্য কোন স্থানীয় সার্জারিতে বা স্থানীয় হেল্থ সেন্টারে, যেখানে তারা রুগী দেখেন, তারা সেখানে আপনাকে দেখতে পারেন। কিছু কিছু ক্ষেত্রে যেখানে হয়ত বিশেষ ধরনের যন্ত্রপাতির প্রয়োজন, সেখানে আপনাকে হাসপাতালে যেতে হতে পারে।

আপনি ডিস্ট্রিক্ট নার্স, চিরোপডিস্ট,/পডিয়াট্রিস্ট (পায়ের কড়া, আচিল প্রভৃতির চিকিৎসা বিশেষজ্ঞ), ফিজিওথেরাপিস্ট (শারিরীক গঠন সম্বন্ধিয় চিকিৎসা বিশেষজ্ঞ), অকুপেশনাল থেরাপিস্ট (বৃত্তিমূলক ব্যবস্থার বিশষজ্ঞ), স্পীচ এবং ল্যাঙ্গুয়েজ থেরাপিস্ট (কথা বলার এবং ভাষার বিশেষজ্ঞ), ডায়াটিশিয়ান (খাদ্য এবং পথ্যের বিশেষজ্ঞ) এবং পেলিয়াটিভ কেয়ার নার্স (রোগের কষ্ট লাঘব করার জন্য যে নার্স) যেমন: ম্যাকমিলান নার্স অথবা মারিকুরি নার্সের সঙ্গে আপনার ডাক্তারের দ্বারা যোগাযোগ করতে পারেন।

ন্যাশনাল হেল্থ সার্ভিসের রুগী হিসাবে **চিরোপডিস্টের** দ্বারা চিকিৎসা করাতে হলে আপনাকে কতকগুলি শর্ত পূরণ করতে হবে। যেমন: আপনার পায়ের নোখ কাটানোর প্রয়োজনীয়তা যদি কোন রোগ সারানোর জন্য না হয়, তাহলে সেটা করা সম্ভব হবে না। এই বিষয়ে আপনার ডাক্তার(GP) আপনাকে উপদেশ দিতে পারবেন।

**ফিজিওথেরাপিস্ট** বিশেষ পদ্ধতিতে আপনার শরীরের বিভিন্ন অংশের কার্যকরীতা পুনঃস্থাপন করেন। তারা যেমন পিঠের ব্যথা, পেশীতে টান পড়াগুলির চিকিৎসা করতে পারেন, সেরকম আরও অনেক কিছু যেমন অসটিওপোরোসিস (হাড়ের ক্ষয়কারী রোগ) অথবা হাঁপানিরও(asthma) চিকিৎসা করতে পারেন।

**অকুপেশনাল থেরাপিস্ট,** যে ব্যক্তি পঙ্গু বা বিকলাঙ্গ, তিনি যাতে স্বাধীনভাবে বাস বা চলাফেরা করতে পারেন, তার জন্য বাড়ীতে কিছু কিছু পরিবর্ত্তনের ব্যবস্থা করার অথবা প্রয়োজন মত নূতন জিনিষপত্রের ব্যবস্থা করার ব্যপারে উপদেশ দিতে পারেন। আপনার ডাক্তার অথবা সোসাল সার্ভিসের দ্বারা তাদের সঙ্গে যোগাযোগ করা যায়।

**স্পীচ এবং ল্যাঙ্গুয়েজ থেরাপিস্টরা** আপনাকে কেবলমাত্র কথাবার্ত্তা বলা বা যোগাযোগের সমস্যার ব্যপারেই সাহায্য করেন না, যাদের খাওয়া বা খাবার গিলবার সমস্যা আছে, তাদেরও সাহায্য করেন। স্ট্রোক অথবা স্মৃতিশক্তি হারানোর(demantia) ফলেও এই রকম অবস্থা হতে পারে। সোসাল সার্ভিস দ্বারাও এদের সঙ্গে যোগাযোগ করা যায়।

**ডায়াটিসিয়ানরা** হচ্ছেন খাদ্য এবং পুষ্টির ব্যপারে বিশেষজ্ঞ। যে সকল ব্যক্তিরা খাদ্যজনিত রোগে যেমন ইরিটেবল বাওল সিনড্রোম, ডায়াবেটিস অথবা হার্টের রোগে ভুগছেন, তাদের খাদ্য এবং খাওয়ার অভ্যাসের উপর উপদেশ দিতে পারেন। কেয়ার হোমগুলিতে যে খাবার দেওয়া হয়, তারা সেই সম্বন্ধেও উপদেশ দিতে পারেন এবং যারা স্বাস্থ্যকর খাবার খেতে চান তাদেরকেও সাধারন উপদেশ দিতে পারেন।

## পরিপূরক চিকিৎসক/বিশেষজ্ঞ (অন্যান্য ধরনের চিকিৎসা)

গত কয়েক বৎসরের ভিতর পরিপূরক চিকিৎসা যেমন: আকুপাংচার, চিরোপ্রেকটিক, ভেজষ ঔষদ(herbal medicine) হোমিওপ্যাথি এবং অস্টিওপ্যাথি প্রভৃতির প্রতি অনেক আগ্রহ বেড়েছে। হামেশাই এই চিকিৎসাগুলি ন্যাশনাল হেল্থ সার্ভিসে পাওয়া যায় না। আপনি যদি এই চিকিৎসাগুলি প্রাইভেটে করানোর কথা ভাবছেন তাহলে আপনার ডাক্তারের সঙ্গে এই সম্বন্ধে কথা বলা ভাল হবে। এটা বিশেষতঃ উল্লেখযোগ্য যে আপনি যদি নিয়মিত ঔষধ খান এবং ভেজষ চিকিৎসক/বিশেষজ্ঞ আপনাকে অন্য ভেজষ ঔষধ খেতে বা ব্যবহার করতে দেন। এটাও উল্লেখযোগ্য যে পরিপূরক চিকিৎসকের/বিশেষজ্ঞের, আপনাকে চিকিৎসা করার জন্য যে উপযুক্ত উপাধি এবং ইনসিওরেন্স থাকার প্রয়োজন সেগুলি তাদের আছে।

## কাউন্সেলররা

কিছু কিছু সার্জারিতে আপনার ডাক্তার আপনাকে কাউন্সেলরের কাছে পাঠাতে পারেন। তবে তার জন্য হয়ত অনেক দিন ধরে অপেক্ষার তালিকায় (waiting list) থাকতে হতে পারে। আপনার ডাক্তার যে কাউন্সেলারের কাছে আপনাকে পাঠাবেন তার যোগ্যতা এবং ক্ষমতার উপর তার আস্তা থাকার কারনেই আপনাকে সেখানে পাঠাবেন।

## সামাজিক জিনিষপত্র (equipment)

এর ভিতর আছে নানারকমের জিনিষপত্র যেগুলি ন্যাশনাল হেল্থ সার্ভিস বাড়ীতে রুগীদের ব্যবহারের জন্য দিয়ে থাকেন। সেগুলির মধ্যে আছে আরামদায়ক তোষক এবং কমোড। দৈনন্দিন ব্যবহারিক জিনিষপত্রগুলি, যেগুলি সাধারনত সোসাল সার্ভিস সরবরাহ করে থাকে যেমন: স্নান করবার জন্য চেয়ার, উঁচু টয়লেট সিট এবং পা দিয়ে জলের কল খোলা এবং বন্ধের ব্যবস্থা এবং যোগাযোগ করার জিনিষপত্রগুলি, যেমন চোখে যারা কম দেখেন তাদের জন্য বিশেষ যন্ত্র এবং আলো জ্বলা টেলিফোন ইত্যাদি।